দৈনিক ইত্তেফাক

তারিখ 15 OCT 1993
পৃষ্ঠা ... কলাম ...

## জা'নগর বিশ্ববিদ্যালয়ঃ শিক্ষকদের কর্মবিরতির প্রত্যাহার

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বৃহস্পতিবার) কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভায় শিক্ষকদের কর্মবিয়তির চৌধুরী কামাল ইবনে ইউসুফ, উপমন্ত্রী সিরাজুল হক, সচিব সৈয়দ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

কর্মসূচী আপাততঃ স্থগিত ঘোষণা করিয়া আগামী ১৭ই অক্টোবর হইতে কাজে যোগদানের সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় শিক্ষকদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা নিঃশর্তভাবে বাতিল না করা এবং সকল সন্ত্রাসীকে গ্রেফতার না করায় ক্ষোভ প্রকাশ করা হয়। প্রফেসর মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রফেসর দানীউল হক, প্রফেসর আবু সাইদ খান, প্রফেসর এ,বি,এম এনায়েত হোসেন।

সভায় বক্তারা তদন্ত কমিশনের রিপোর্ট নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকাশ করার আহ্বান এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের পরবর্তী কর্মসূচীর প্রতি সমর্থন জানান। এদিকে আগামীকাল (শনিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সিণ্ডিকেটের জরুরী সভা আহ্বান করা হইয়াছে।